## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১১-২০১২

### বাংলা

০১. Vivid শব্দের বঙ্গানুবাদ হল-
ক. বিবিধ খ. প্রাণবন্ত গ. বিস্তৃত ঘ. ব্যাপ্ত

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Manuscript - পাণ্ডুলিপি | Prehistoric - প্রাগৈতিহাসিক |
| Monogram - অভিজ্ঞান | Questionnaire - প্রশ্নমালা |
| Negotiation - আলাপ-আলোচনা | Rotation - আবর্তন |
| Nemesis - নিয়তি | Recreation - বিনোদন |
| Oral evidence - মৌখিক পরীক্ষা | Vivid - প্রাণবন্ত, জীবন্ত |

সঠিক উত্তর : খ.

০২. যে বিভক্তি একাধিক কারকে ব্যবহৃত হয়, তাকে বলে-
ক. বহুধা বিভক্তি খ. ক্রিয়া বিভক্তি গ. তির্যক বিভক্তি ঘ. তিঙন্ত বিভক্তি

সঠিক উত্তর : গ.

০৩. 'বিলাসী' গল্পে উল্লিখিত ভূদেব বাবু কে?
ক. বিলাসীর পিতা খ. রাজনীতিবিদ
গ. উনিশ শতকের বাংলার জাগরণের অগ্রদূত ঘ. মৃত্যুঞ্জয়ের কাকা

ব্যাখ্যা: ভূদেববাবু - ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় (১৮২৫ - ১৮৯৪ খ্রিস্টাব্দ) উনিশ শতকের বাংলার নবজাগরণের অন্যতম পথিকৃৎ। হিন্দু সমাজের নানা কুসংস্কারের বিরুদ্ধে মত ব্যক্ত করে আধুনিক মানস গঠনের লক্ষ্যে তিনি অনেক গ্রন্থ রচনা করেন। 'পারিবারিক প্রবন্ধ', 'সামাজিক প্রবন্ধ', 'আচার প্রবন্ধ' ইত্যাদি এ বিষয়ে তাঁর বিখ্যাত গ্রন্থ।

সঠিক উত্তর : গ.

০৪. I'll teach you a lesson - বাক্যটির যথার্থ বঙ্গানুবাদ
ক. আমি তোমাকে একটি শিক্ষা দেব
খ. আমি তোমাকে এমন শিক্ষা দেব
গ. আমি তোমাকে শিক্ষা দিয়ে ছাড়ব
ঘ. আমি তোমাকে শিখিয়ে দেব

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বঙ্গানুবাদ-
I'll teach you a lesson - আমি তোমাকে শিক্ষা দিয়ে ছাড়ব।
All his geese are swans - নিজের জিনিস সকলেই ভালো দেখে।
He always talks more - সে সর্বদাই বাজে বকে।
He looked daggered at me - সে আমার প্রতি চোখ রাঙ্গালো।
He is doomed - তার আর রক্ষা নাই।

সঠিক উত্তর : গ.

০৫. 'ঘন গাছপালায় বেষ্টিত দু'পারের গ্রাম বেশ উচুঁতে'।- কোন রচনার অন্তর্গত?
ক. অপরাহ্নের গল্প খ. কলিমদ্দি দফাদার গ. বিলাসী ঘ. একুশের গল্প

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

সঠিক উত্তর : খ.

০৬. শুদ্ধ বানান-
ক. ব্যধি খ. ব্যাক্তি ঘ. ব্যার্থ ঘ. ব্যভিচার

ব্যাখ্যা: শুদ্ধ রূপ - ব্যাধি, ব্যক্তি, ব্যর্থ

সঠিক উত্তর : ঘ.

০৭. 'ছেলেটির উদ্ধতপূর্ণ আচরণ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিধির পরিপন্থি হওয়ায় তাকে অবিলম্বে বহিস্কারের নির্দেশ দেওয়া হল'। - সাধুরীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. পাঁচটি খ. ছয়টি গ. সাতটি ঘ. আটটি

ব্যাখ্যা: বাক্যটিতে মোট সাতটি ভুল আছে-

| | |
|---|---|
| i. উদ্ধতপূর্ণ - ঔদ্ধত্যপূর্ণ | ii.আচরন - আচরণ |
| iii. পরিপন্থি - পরিপন্থী | iv. তাকে - তাহাকে |
| v. অবিলম্বে - অবিলম্বে | vi. বহিস্কার - বহিষ্কার |
| vii. হল - হইল | |

সঠিক উত্তর : গ.

০৮. কোনটি সঠিক?
ক. √শুচ্ + ঘঞ্ = শোক খ. √বন্দ + অনা = বন্দনা
গ. √শম্ + তৃচ = শান্তি ঘ. √পঠ্ + ঘ্যণ = পঠিত

ব্যাখ্যা: √শুচ্ + ঘঞ্ = শোক
এরূপ - √ত্যজ্ + ঘঞ = ত্যাগ, √পিচ্ + ঘঞ্ = পাক
সঠিক উত্তর : ক.

০৯. মাধবী অর্থ -
ক. মধুকর খ. মধুমালতী গ. বাসন্তী ফুল ঘ. মধুময়

ব্যাখ্যা: "তাহারেই পড়ে মনে" কবিতার গুরুত্বপূর্ণ শব্দার্থ-

| | |
|---|---|
| সমীর - বাতাস | উন্মনা - অন্যমনস্ক |
| অলখ - দৃষ্টির অগোচরে | বসন্ত বন্দনা - বসন্ত ঋতুকে স্তুতি |
| পুষ্পারতি - ফুলের বন্দনা বা নিবেদন | কুহেলি - কুয়াশা |
| মাধবী - বাসন্তীলতা বা তার ফুল | উত্তরী - চাদর |

সঠিক উত্তর : গ.

১০. Ambiguous এর পরিভাষা-
ক. উভয়বলতা খ. উভবল গ. উভচর ঘ. দ্ব্যর্থক

ব্যাখ্যা: Ambiguous - দ্ব্যর্থক, সাধারণত অনিশ্চয়তা বোঝায়।
গুরুত্বপূর্ণ আরও কিছু পরিভাষা -

| | |
|---|---|
| Refugee - উদ্বাস্তু | Arsenal - অস্ত্রাগার |
| Town-half - নগরভবন | Aggregate - পুঞ্জীভূত |
| Velvet - মখমল | Altruism - পরোপকারিতা |
| Apprentice - শিক্ষানবিশ | Banguet - ভোজ্যসভা |

সঠিক উত্তর : ঘ.

১১. 'দেখিবারে চাই'। - এখানে 'দেখিবারে'
ক. নিমিত্তার্থক অসমাপিকা ক্রিয়া খ. ক্রিয়াবিশেষ্য
গ. ক্রিয়াদ্বিত্ব ঘ. অসমাপিকা ক্রিয়াবিশেষণ

সঠিক উত্তর : ক.

১২. 'অর্ধাঙ্গী' রচনায় ব্যবহৃত 'নবদম্পতির প্রেমালাপ' কবিতাংশ করা রচনা?
ক. বিহারীলাল চক্রবর্তী খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১৩. 'মনে মনে তুলনা করে দেখলাম।' এখানে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে-
ক. ব্যাপ্তি অর্থে খ. আধিক্য বোঝাতে
খ. বিশেষ্য রূপে ঘ. ক্রিয়াবিশেষণ রূপে

ব্যাখ্যা: ক্রিয়া বিশেষন - যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষন বলে
যেমন : ধীরে ধীরে বায়ু বয়।
অনুরূপভাবে - মনে মনে তুলনা করে দেখলাম।
সঠিক উত্তর : ঘ.

১৪. মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে তাকে বলে-
ক. অভিকর্ষ খ. অভিশ্রুতি
গ. ক্ষীণায়ন ঘ. বিপ্রকর্ষ

সঠিক উত্তর : গ.

১৫. 'তখন থেকে যাব যাব করছি।'- বাক্যটিতে 'যাব যাব'
ক. বিশেষ্যের বিশেষণ খ. বিশেষণের বিশেষণ
গ. ক্রিয়া বিশেষণ ঘ. ধ্বন্যাত্মক বিশেষণ

ব্যাখ্যা: ক্রিয়া বিশেষণ (ভাব বোঝাতে) তখন থেকে যাব যাব করছি।
সঠিক উত্তর : গ.

১৬. 'নোনতা' শব্দে 'তা'প্রত্যয়টি ব্যবহৃত হয়েছে
ক. নিন্দিত অর্থে খ. সদৃশ অর্থে
গ. ঈষৎ অর্থে ঘ. যুক্ত অর্থে

ব্যাখ্যা: তা - প্রত্যয় সাধারণত 'যুক্ত' অর্থ বোঝায়।
যেমন - শত্রু + তা = শত্রুতা (শত্রু যুক্ত)
অনুরূপভাবে - নুন + তা = নুনতা>নোনতা (নুন যুক্ত)
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৭. ভিন্নার্থক শব্দযুগল নয় কোনটি?
ক. কপাল,কপোল খ. অন্নদা, অন্যদা
গ. পর্যঙ্ক, খট্বা ঘ. সিরিশ, গিরীশ

ব্যাখ্যা: পর্যঙ্ক ও খট্বা অর্থ-পালঙ্ক বা খাট
সঠিক উত্তর : গ.

১৮. 'কেবল কিন্তু কিন্তু করো না।'- এখানে 'কিন্তু' কোন অর্থে ব্যবহৃত?
ক. প্রতিবাদ খ. সন্দেহ গ. বিস্ময় ঘ. সংশয়

সঠিক উত্তর : ঘ.

১৯. 'সদানন্দ'-র সন্ধিবিচ্ছেদ হল-
ক. সদ + আনন্দ খ. সদা + নন্দ
গ. সৎ + আনন্দ ঘ. সদ + অ + নন্দ

ব্যাখ্যা: ক্, চ্, ট্, ত্, প্ এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, দ্, ব্ হয়। যেমন-
ক+অ = গ ; দিক্ + অন্ত = দিগন্ত
চ+অ = জ ; নিচ্ + অন্ত = নিজন্ত
ত্+আ = দা ; সৎ + আনন্দ = সদানন্দ
প+অ = ব ; সুপ + অন্ত = সুবন্ত
অনুরূপভাবে - বাগীশ, তদন্ত, সদুপদেশ
সঠিক উত্তর : গ.

২০. 'শামলা' শব্দটি পাওয়া যায় কোন রচনায়?
ক. অর্ধাঙ্গী খ. যৌবনের গান
গ. কমলাকান্তের জবানবন্দি ঘ. বিলাসী

ব্যাখ্যা: "শামলা" কমলাকান্তের জবানবন্দি ও অর্ধাঙ্গী উভয় রচনায় পাওয়া যায়। শামলা-উকিলের পোশাক হিসেবে ব্যবহৃত পাগড়ী
সঠিক উত্তর : ক ও গ.

২১. বিপরীতার্থক শব্দ-
ক. ঐহিক, পারত্রিক খ. হর্ম, হর্ম্য
গ. শসা, স্বসা ঘ. শঠ, যট

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ আরও কিছু বিপরীত শব্দ-

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| আকুঞ্চন | প্রসারণ | শ্যামল | গৌরাঙ্গ |
| ইষৎ | অধিক | সংক্ষেপ | বাহুল্য |
| উদার্য | কার্পণ্য | সন্ধি | নিগ্রহ |
| দৈব | দুর্দৈব | ঈশান | নৈঋত |
| ঐহিক | পারত্রিক | উদ্বৃত্ত | বিরত |

সঠিক উত্তর : ক.

২২. 'কবর' কবিতায় 'মজিদ' শব্দে নির্দেশিত -
ক. বৃদ্ধ খ. মুয়াজ্জিন
গ. মসজিদ ঘ. বৃদ্ধের ছেলে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৩. 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ -
ক. মাকালফল খ. অপদার্থ
গ. গোবরে পদ্মফুল ঘ. কলির কেষ্ট

সঠিক উত্তর : খ.

২৪. 'হৈমন্তী' প্রথম কোন গ্রন্থে সঙ্কলিত হয়?
ক. গল্পগুচ্ছ ৩য় খণ্ড খ. গল্পগুচ্ছ ৪র্থ খণ্ড
গ. গল্প সপ্তক ঘ. সবুজপত্র

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৫. 'অপাঙ্গ' শব্দের অর্থ-
ক. প্রতি অঙ্গ খ. আপাদমস্তক
গ. ভিন্নাঙ্গ ঘ. দৃষ্টিকোণ

ব্যাখ্যা: "অপাঙ্গ" শব্দটির আভিধানিক অর্থ - চোখের প্রান্তভাগ, সে অর্থে (ঘ) - অপশনটি মোটামুটি মিলে যায়।
সঠিক উত্তর : ঘ.

## English

***Questions 1 to 2: Which of the following is closest in meaning to the underlined word.***

**01. The white blood cell count in one's body may fluctuate by 50 percent during a day.**
A undulate B. multiply
C. diminish D. vary

ব্যাখ্যা: Fluctuate - উঠানামা করা/হ্রাস-বৃদ্ধি হওয়া।
Undulate - উঠানামা করা। Multiply - গুণ করা।
Diminish - হ্রাস পাওয়া। Vary - বিভিন্ন হওয়া।
**Ans : A.**

**02. Ultrasonic waves are beyond the range of sound a human can hear.**
A. outside B. with
C. over D. around

ব্যাখ্যা: Beyond - নির্দিষ্ট দূরত্বের চাইতে অধিক / Outside limits.
**Ans : A.**

***Question 3 to 5 : The correct translation of***

**03. 'বইটি কেমন কাটছে'?**
A. How does the book cut readers?
B. Does the book cut well?
C. Is the book leaving the market?
D. How is the book selling?

ব্যাখ্যা: বইটি কেমন কাটছে দ্বারা মূলত বইটি কি পরিমান বিক্রি হচ্ছে তা বোঝাচ্ছে। সে দিক থেকে অপশন (D) ই সঠিক।
**Ans : D.**

**04. 'পুষ্টিকর খাদ্য স্বাস্থ্যের জন্য ভাল'।**
A. Good food is for good health.
B. Nutritious food is good for health.
C. Nutrients in food is good and healthy.
D. Healthy food is good for health.

ব্যাখ্যা: Good Food - ভাল খাদ্য
Healthy Food - স্বাস্থ্যকর খাদ্য
Nutritious Food - পুষ্টিকর খাদ্য
**Ans : B.**

**05. 'কি করে অংকটি করতে হয় তা তিনি আমাকে দেখালেন' is -**
A. He shows me to do the sum
B. He showed me to do the sum
C. He showed me how to do the sum.
D. He showed me do the sum.

ব্যাখ্যা: কি করে অংকটি করতে হয় তা তিনি আমাকে দেখালেন - He showed me how to do the sum.
সেও ইহার মধ্যে জড়িত - He also is involved in it.
সে ইহার মধ্যেও জড়িত - He is involved in this also.
ইচ্ছা করলে এটা করতে পার - You may do it if you like.
সে তো খোকা - He is but a baby.
**Ans : C.**

***Question 6 to 9 : Choose the correct option***

**06. The correct antonym for `superficial' is-**
A. Careless B. Indifferent
C. Sufficient D. Deep

ব্যাখ্যা: Superficial - ভাসা-ভাসা, অগভীর
**Antonym : Deep**
**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. 'At a Low ebb'- means**

A. Increasing B. Decreasing
C. Still D. Invalid

ব্যাখ্যা: At a low ebb -হ্রাস পাওয়া
By leaps and bounds - খুব দ্রুতগতিতে
Beat about the bush - অপ্রাসঙ্গিক আলোচনা
Beat the air - বৃথা শ্রম করা
Bury the hatchet - বিবাদ মিটিয়ে ফেলা
Ans : B.

**08. The best passive form of the sentence 'what do you want'?- is**

A. what was wanting by you?
B. what is wanted by you?
C. what was wanted by you?
D. what is wanting by you?

ব্যাখ্যা: Present Indefinite এর be verb হিসেবে Is বসবে। আর Want এর Past Participle হিসেবে Wanted বসবে। You, Object হিসেবে ই থাকবে। সুতরাং, শুদ্ধ Passive what is wanted by you?
Ans : B.

**09. The correct spelling is**

A. exemplery B. exemplary
C. exemplary D. eximplary

ব্যাখ্যা: Exemplary - দৃষ্টান্তস্বরূপ

| | |
|---|---|
| Bureaucracy - আমলাতন্ত্র | Cemetery - সমাধিক্ষেত্র |
| Calendar - দিনপঞ্জি | Champagne - এক প্রকার মদ |
| Camouflage - ধূম্রজাল | Cigarette - সিগারেট |
| Cannabis - গাঁজা | Collaborate - সহযোগী |
| Carriage - ঘোড়ার গাড়ি | Collapsible - ভেঙ্গে বন্ধ করা যায় যা |

Ans : B.

***Question 10 to 11: Indicate the synonym of the words given below:***

**10. auspicious**

A. supernatural B. suspicious
C. fortunate D. fearful

ব্যাখ্যা: Auspicious - ভাগ্যবান, মঙ্গলজনক
**Synonym :** Fortunate, Felicitous, Halcyon, Propitious
**Antonym :** Ominous, Unlucky
Ans : C.

**11. Shabby**

A. smart B. fair
C. unsmart D. honourable

ব্যাখ্যা: Shabby - জীর্ণ, মলিন
**Synonym :** Unsmart, Crummy, Squalid, Decrepit
**Antonym :** Respectable, Fresh
Ans : C.

***Question 12 to 14 : Which of the following sentence is correct?***

**12.**

A. Fear makes where I stand tremble me.
B. Fear Makes me tremble where I stand.
C. Fear where I stand Makes me tremble
D. Fear makes me stand where I tremble.

Ans : B.

**13.**

A. Family and friends together stay through thick and thin.
B. Family and friends stay through thick and thin together.
C. Family and friends stay together through thick and thin
D. Family and friends through thick and thin together stay.

ব্যাখ্যা: Stay together - একসাথে থাকা
Through thick and thin - ভাল ও মন্দ সময়ে
Ans : C.

**14.** A. It is more better to be safe than sorry.
B. It is better to be safer than sorry.
C. It is better to be safe than more sorry.
D. It is better to be safe than sorry.

ব্যাখ্যা: দুটি Comparative Word একসাথে বসবে না। তাই অপশন A ও B ভুল। অপশন (C) তে More Sorry হবে না। সুতরাং সঠিক উত্তর D.
Ans : D.

***Read the following passage carefully and answer Ques, 15 to 19:***

I have traveled in many countries and have met with men of all classes, but never in my travels did I feel the presence of the human so distinctly as in this land. In other great countries signs of man's power loomed large, and I saw vast organizations which showed efficiency in all their features. There, display and extravagance, in dress, in furniture, in costly entertainments are startling. They seem to your push you back into a corner, like a poor intruder at a feast; they are apt·t make you envious or take your breath away with amazement. There, you do not feel man as supreme; you are hurled against stupendous things that alienate. But in Japan it is not the display of power or wealth that is the predominating element. You see everywhere emblems of love and admiration, and not mostly of ambition and greed.

**15. 'like a poor intruder' is an example of**

A. simile B. metaphor C. metonymy D. hyperbole

ব্যাখ্যা: **Simile** - Simile say you are like something.
**Example :** She is as sweet as pie.
**Metaphor :** Metaphor says you are something.
**Example :** You are what you eat.
**Hyperbole** - Extreme exaggeration of something.
**Example :** He was so hungry, he ate that whole cornfield for lunch, stalks and all.
Ans : A.

**16. Which statement is not true?**

A. The Japanese admire good things
B. They are not an ostentatious people
C. They alienate visitors
D. They shun ambition and greed

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে "things that alienate" অর্থাৎ দামি জিনিসপত্রগুলো দর্শনার্থীদের দূরে রাখে, জাপানীরা নয়, তাই "They alienate visitors" ভুল।
Ans : C.

**17. The writer is describing the following things about the people of Japan:**

A. ambition and greed
B. Love and admiration
C. display and extravagance
D. envy and amazement

ব্যাখ্যা: Passage এর শেষে বলা হয়েছে, Japan এ সবখানে 'Love and admiration' দেখতে পাওয়া যাবে।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**18. The writer praises the Japanese because**

A. they make you envious
B. they love entertainment
C. they have vast organizations
D. they are very humane

ব্যাখ্যা: Passage এর সর্বশেষ অংশে পুরো Passage এর সারাংশ এভাবে লিখা হয়েছে "You see everywhere .................. not mostly of ambition and greed" যার সঠিক গূঢ়ার্থ দাড়ায় "They are very humane" অর্থ্যাৎ জাপানীরা খুবই মানবিক।
**Ans : D.**

**19. The word 'stupendous' means**

A. stupid　B. expensive
C. ugly　D. huge

ব্যাখ্যা: Stupendous - বিশাল, বিস্ময়কর।
**Ans : D.**

***Questions 20 to 25 ; fill in the blanks***

**20. I remembered _____ the race.**

A. the horse's winning B. the horse to win
C. the horse winning　D. the horse's to win

ব্যাখ্যা: Sentence টি 2টি Sentence এর মিলিত রূপ
I remember the horse, The horse was winning the race.
তাই প্রকৃত Sentence টি হবে I remembered the horse winning the race.
**Ans : C.**

**21. _____parent plays a different but important role in a child's life.**

A. Each　B. one
C. Anyone　D. The

ব্যাখ্যা: "প্রত্যেক অভিভাবক" বোঝাতে Fill in the gaps এ each ই বসবে। বাকী অপশনগুলো Sentence টির সাথে মিলে না।
**Ans : A.**

**22. Jenny_____leave the hospital only six hours after the baby was born.**

A. was able to　B. might
C. can　D. is able to

ব্যাখ্যা: একটি Past (the baby was born) ঘটনার আগের ঘটনাটি নিঃসন্দেহে Past tense ই হবে। তাই অপশন গুলোর মধ্যে শুধুমাত্র অপশন (A) ই যুক্তিযুক্ত।
**Ans : A.**

**23. ______physicist, Gabriel Fahrenheit, invented the mercury thermometer in 1714**

A. There is　B. It is
C. The　D. It is the

ব্যাখ্যা: প্রশ্নে উল্লেখিত Sentence এর মতো এ ধরনের Sentence গুলোর ক্ষেত্রে কমার মধ্যে থাকা Word গুলো উঠিয়ে দিয়ে Sentence টি নির্ণয় করা সহজ হয়, যেমন -
Physicist invented the mercury thermometer in 1714.
এখানে Fill in the gaps এ অপশনগুলো একের পর এক বসিয়ে সঠিক শব্দ নির্ণয় করা খুব সহজ হয়ে যায়। আলোচ্য Fill in the gaps এ 'The' বসলেই Sentence টি মিলে যাবে।
**Ans : C.**

**24. He is my best friend now, and_____for many years.**

A. was　B. had been
C. has been　D. was to be

ব্যাখ্যা: Perfect is used for an action before a past time.
Present perfect (before now)
**Example :** The match is over, The lions have won.
Past perfect (before then).
**Example :** The match was over, The lions had won.
সুতরাং, Fill in the gaps এ has been হবে।
**Ans : C.**

**25. Our teacher told the monitor to hand out scripts______the class.**

A. between　B. into
C. through　D. among

ব্যাখ্যা: **Between** - দুইজনের মধ্যে ভাগ করে দিতে ব্যবহৃত হয়।
**Into** - কোন কিছুর দিকে দিক নির্দেশ করা।
**Through** - এক প্রান্ত থেকে অন্য প্রান্ত বোঝাতে।
**Among** - অনেকের মাঝে ভাগ করে দিতে ব্যবহৃত হয়।
এখানে, Class এর অনেক ছাত্রদের মধ্যে Script বিতরন বোঝাতে Among বসবে।
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. জাতীয় সংসদের ১নং আসনটি বাংলাদেশের কোন জেলায়?**

ক. কক্সবাজার　খ. পঞ্চগড়
গ. চাঁপাইনবাবগঞ্জ　ঘ. বরগুনা

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলী (০৮) নং দেখ।
সঠিক উত্তর : খ.

**০২. প্রাচীন বাংলায় নিম্নের কোন অঞ্চল বাংলাদেশের পূর্বাংশে অবস্থিত ছিল?**

ক. হরিকেল　খ. সমতট
গ. বরেন্দ্র　ঘ. রাঢ়

ব্যাখ্যা: প্রাচীন বাংলার জনপদ -

| প্রাচীন নাম | অন্তর্ভুক্ত অঞ্চল |
|---|---|
| বঙ্গ | বাংলার পূর্ব ও দক্ষিণ - পূর্ব অঞ্চল (বৃহত্তর ঢাকা) |
| পুন্ড্র | উত্তরবঙ্গের রাজশাহী, বগুড়া, রংপুর ও দিনাজপুর অঞ্চল |
| বরেন্দ্র | উত্তরবঙ্গ (বগুড়া ও রাজশাহীর কিছু অঞ্চল) |
| রাঢ় | ভাগিরথী নদীর পশ্চিম তীর (মধ্য পশ্চিমবঙ্গ) |
| গৌড় | পশ্চিমবঙ্গের মালদহ, মুর্শিদাবাদ, বিহার ও উড়িষ্যা এবং চাপাইনবাবগঞ্জের অংশ বিশেষ, রাজধানী - কর্ণসুবর্ণ |
| সমতট | পূর্ব ও দক্ষিণ পূর্ব বাংলা (কুমিল্লা ও নোয়াখালী) রাজধানী - বড় কামতা (রোহিতগিরি) |
| হরিকেল | পূর্ববঙ্গ - সিলেট ও পার্বত্য চট্টগ্রাম |

সঠিক উত্তর : ক.

**০৩. বারডেম হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?**

ক. ডা. এম আর খান　খ. ডা. মোহাম্মদ ইব্রাহিম
গ. ডা. নুরুল ইসলাম　ঘ. ডা. গোলাম রসুল

ব্যাখ্যা: • বারডেম এশিয়ার বৃহত্তম ডায়াবেটিস চিকিৎসা প্রতিষ্ঠান।
• BIRDEM - Bangladesh Institute of Research and Rehabilitation in Diabetes Endocrine and Metabolic Disorders
• ১৯৮০ সালে জাতীয় অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহীম প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করেন।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৪. কাপ্তাই বাঁধের কারণে প্লাবিত পার্বত্য চট্টগ্রামের উপত্যকা এলাকার নাম কি?
ক. কাপ্তাই ভ্যালি খ. গ্রাউন্ড ডিলুজ
গ. চিটাগাং ট্র্যাক্ট ঘ. ভেঙ্গি ভ্যালি

ব্যাখ্যা: দুই পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত সমতল ক্ষেত্র বা অসমতল ঢালু ক্ষেত্রকে উপত্যকা বা ভ্যালি বলে।

| নাম | অবস্থান |
|---|---|
| সাঙ্গু ভ্যালি | চট্টগ্রাম |
| ভেঙ্গি ভ্যালি | রাঙ্গামাটি (কাপ্তাই) |
| হালদা ভ্যালি | খাগড়াছড়ি |
| মাইনমুখী ভ্যালি | রাঙ্গামাটি |
| বালিশিরা ভ্যালি | মৌলভীবাজার |
| নাপিতখালি ভ্যালি | কক্সবাজার |

সঠিক উত্তর : ঘ.

০৫. 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস' কোন দিন?
ক. ১ জুলাই খ. ১ জুন
গ. ১ আগষ্ট ঘ. ১ মে

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (২২) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৬. নিম্নের কোন বংশ প্রায় চারশ বছরের মতো বাংলা শাসন করেছে?
ক. মৌর্য বংশ খ. গুপ্ত বংশ
গ. পাল বংশ ঘ. সেন বংশ

ব্যাখ্যা: • বাংলায় সবচেয়ে দীর্ঘস্থায়ী বংশ পাল বংশ।
• পাল বংশ বাংলাকে প্রায় ৪০০ বছর শাসন করে।
• পাল বংশের প্রতিষ্ঠাতা গোপাল।
• পাহাড়পুরের "সোমপুর বিহার" এর প্রতিষ্ঠাতা রাজা ধর্মপাল।
• পাল বংশের রাজারা বৌদ্ধ ধর্মাবলীর।
• পাহাড়পুরের "সোমবিহার" নওগাঁ জেলায় অবস্থিত।
• বৌদ্ধ সভ্যতার সর্বশ্রেষ্ঠ নিদর্শন পাহাড়পুর বা সোমপুর বিহার।
• ১৯৮৫ সালে UNESCO পাহাড়পুরকে বিশ্ব ঐতিহ্যের অংশ ঘোষনা করে।
সঠিক উত্তর : গ.

০৭. পরিবেশ সংরক্ষণবাদী সংগঠন গ্রিনপিস তার প্রতীকী জাহাজ রেইনবো ওয়ারিয়র কে একটি বাংলাদেশি দাতব্য সংগঠনের কাছে হস্তান্তর করেছে। - জাহাজটির নতুন নাম কি?
ক. রঙধনু খ. সবুজ সাথী
গ. সবুজ যোদ্ধা ঘ. পরিবেশ সংরক্ষক

ব্যাখ্যা: • গ্রিনপিস এর সদর দপ্তর নেদারল্যান্ডের আমস্ট্রারডাম।
সঠিক উত্তর : ক.

০৮. ১৭৮০ সালে উপ-মহাদেশ থেকে প্রকাশিত প্রথম সংবাদপত্র হচ্ছে -
ক. বেঙ্গল গেজেট খ. ইন্ডিয়ান গেজেট
গ. সমাচার দর্পণ ঘ. দিগদর্শন

ব্যাখ্যা: • উপমহাদেশের প্রথম পত্রিকা - বেঙ্গল গেজেট (১৭৮০) - জেমস অগাস্টাস হিকি।
• প্রথম বাংলা পত্রিকা - সমাচার দর্পন - (১৮১৮) - উইলিয়াম কেরি।
• ঢাকা থেকে প্রথম প্রকাশিত পত্রিকা - ঢাকা প্রকাশ (১৮৬১) - কৃষ্ণচন্দ্র মজুমদার।
• নারীদের নিয়ে প্রথম প্রকাশিত পত্রিকা - বেগম (১৯৪৭) - নূরজাহান বেগম।
সঠিক উত্তর : ক.

০৯. ভারতবর্ষে 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' শাসন প্রাতিষ্ঠানিকভাবে কবে শেষ হয়?
ক. ১৮৫৭ খ. ১৮৫৮
গ. ১৯২১ ঘ. ১৯৪৭

ব্যাখ্যা: • ১৬০০ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানী প্রতিষ্ঠা লাভ করে।
• ১৬০৮ সালে উপমহাদেশে প্রথম কুঠি স্থাপন করে সুরাটে।
• ১৭৫৭ সালের ২৩ জুন কোম্পানী উপমহাদেশের শাসনভার নিজ হাতে তুলে নেয়।
• ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে রানী ভিক্টোরীরা ভারতের শাসনভার ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হাত থেকে নিজ হাতে তুলে নেয়।
• ১৯৪৭ সালে উপমহাদেশ থেকে ইংরেজ শাসন তুলে নেওয়া হয়।
সঠিক উত্তর : খ.

১০. কোন সাংকেতিক নামে পাকিস্তানি বাহিনী ১৯৭১ সালের ২৫ শে মার্চের মধ্য রাতে নিরীহ বাঙালিদের উপর হামলা শুরু করেছিল?
ক. অপারেশন ব্লু স্টার খ. অপারেশন ক্লিনহার্ট
গ. অপারেশন সার্চলাইট ঘ. অপারেশন হান্ট

ব্যাখ্যা:
• অপারেশন সার্চলাইট - ২৫ মার্চ ১৯৭১, পাকিস্তানী বাহিনী কর্তৃক নিরীহ বাঙ্গালীর উপর বর্বরোচিত গণহত্যা ও ধ্বংসযজ্ঞ।
• অপারেশন জ্যাকপট - ১৫ আগস্ট ১৯৭১, পাকিস্তানী বাহিনীর বাংলাদেশে নৌপথের সৈন্য ও অন্যান্য সমর সরঞ্জাম পরিবহনের ব্যবস্থা বানচাল করা।
সঠিক উত্তর : গ.

১১. ময়নামতির পূর্ব নাম কি ছিল?
ক. রোহিতাগিরি খ. ত্রিপুরা
গ. হরিকেল ঘ. নদীয়া

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলী (০২) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১২. ময়নামতিতে কোন সভ্যতার নিদর্শন রয়েছে?
ক. হিন্দু সভ্যতা খ. বৌদ্ধ সভ্যতা
গ. খ্রিস্টান সভ্যতা ঘ. জৈন সভ্যতা

ব্যাখ্যা: • ময়নামতি মধ্যযুগে বৌদ্ধ শাসনামলে রাজধানী ছিল।
• ময়নামতিতে বৌদ্ধ সম্প্রদায়ের নির্দশন পাওয়া যায়।
• অপর নাম - হিলটিয়া ও লালমাই। লালমাই পাহাড় প্লাইস্টোসিন যুগে গঠিত হয়। গড় উচ্চতা - ২১ মিটার।
সঠিক উত্তর : খ.

১৩. বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি কে ছিলেন?
ক. আবদুর রউফ খ. এ.এস.এম সায়েম
গ. এ.বি.এম খায়রুল হক ঘ. এদের কেউ নন

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি - এ.এস.এম সায়েম
• বর্তমান (২১তম) প্রধান বিচারপতি - এস কে সিনহা।
সঠিক উত্তর : খ.

১৪. বাংলাদেশে কোন উপজাতির লোকসংখ্যা সবচেয়ে বেশি?
ক. সাঁওতাল খ. চাকমা
গ. মারমা ঘ. রাখাইন

ব্যাখ্যা:
• বাংলাদেশে উপজাতি মোট জনসংখ্যার ১.১০% ভাগ (প্রায় ১৬ লক্ষ)
• মোট উপজাতির সংখ্যা ৪৫ টি। উপজাতীয় ভাষা - ৩২ টি।
• বৃহত্তম উপজাতি - চাকমা, দ্বিতীয় বৃহত্তম - সাঁওতাল
• উপজাতীয় কালচারাল একাডেমী জাদুঘর - বিরিশিরি, নেত্রকোনা
• উপজাতীয় জাদুঘর - ভেদভেদী, রাঙ্গামাটি।
• জাতিতাত্ত্বিক জাদুঘর - আগ্রাবাদ, চট্টগ্রাম।
সঠিক উত্তর : খ.

১৫. সম্প্রতি বাংলাদেশের স্বাধীনতা পদক কাকে দেয়া হয়েছে?
ক. সোনিয়া গান্ধী খ. ইন্দিরা গান্ধী
গ. মনমোহন সিং ঘ. মমতা ব্যানার্জি

ব্যাখ্যা:
• ২০১১ সালে "বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা" প্রথম বারের মত বিদেশী নাগরিক হিসেবে পুরস্কার পান ভারতের ইন্দিরা গান্ধী (মরনোত্তর)
সঠিক উত্তর : খ.

১৬. বাংলাদেশ ও মিয়ানমারের মধ্য দিয়ে প্রবাহিত নদীর নাম
ক. সুরমা খ. নাফ
গ. কর্ণফুলী ঘ. সাঙ্গু

সঠিক উত্তর : খ.

১৭. টিপাইমুখ বাঁধ নির্মাণে পরিকল্পনা কোন নদীতে-
ক. সুরমা খ. বরাক
গ. কুশিয়ারা ঘ. যমুনা

ব্যাখ্যা: • তুইভাই ও তুইরয়ং নদীর স্রোতধারায় সৃষ্টি হয়েছে বরাক নদী।
• টিপাইমুখ বাঁধ ভারতের মনিপুর রাজ্য অবস্থিত।
• সিলেট জেলার অমলসীদ থেকে ১০০ কিঃ মিঃ দূরে টিপাইমুখ বাঁধ অবস্থিত।
• বরাক নদীর উপরে টিপাইমুখ বাঁধ নির্মানের পরিকল্পনা ভারতের।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. বাংলাদেশে উপজেলার মোট সংখ্যা-
ক. ৩৬৪ টি খ. ৩৮০ টি
গ. ৪৮২ টি ঘ. ৪৮৬ টি

ব্যাখ্যা: • মোট উপজেলা - ৪৮৯ টি (সর্বশেষ ওসমানি নগর)
• মোট সিটি করর্পোরেশন - ১১টি (সর্বশেষ গাজীপুর)
সঠিক উত্তর : নেই.

১৯. 'মাটির ময়না' ছবি নির্মাণ করেন-
ক. মিশুক মুনীর খ. সুভাষ দত্ত
গ. চাষী নজরুল ইসলাম ঘ. তারেক মাসুদ

ব্যাখ্যা:
• বাংলাদেশ থেকে কান চলচ্চিত্র উৎসবে পুরস্কার বিজয়ী এবং প্রথম অংশগ্রহন কারী চলচ্চিত্র - মাটির ময়না (২০০২)
• "মাটির ময়না" এর পরিচালক তারেক মাসুদ।
• বাংলাদেশ প্রথম অস্কার প্রতিযোগিতায় অংশগ্রহন করে - ২০০২ সালে।
• প্রথম ছবি - মাটির ময়না।
সঠিক উত্তর : ঘ.

২০. বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?
ক. লন্ডন খ. কলকাতা
গ. টোকিও ঘ. ওয়াশিংটন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলী (১৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

২১. পলাশীর যুদ্ধ কখন হয়েছিল?
ক. ২৩ জুন ১৭৫৭ খ. ২৫ জুলাই ১৭৫৭
গ. ১৫ আগষ্ট ১৮৫৮ ঘ. ২৫ আগষ্ট ১৮৫৮

ব্যাখ্যা: ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর প্রান্তরে পলাশী যুদ্ধ সংঘটিত হয় ইস্ট ইন্ডিয়া কোম্পানী ও বাংলার নবাব সিরাজউদ্দৌলার মধ্যে।
সঠিক উত্তর : ক.

২২. সম্প্রতি স্বাক্ষরিত সীমান্ত চুক্তির আওতায় মোট কতগুলি বাংলাদেশি ছিটমহল ভারতের কাছে হস্তান্তর করা হবে?
ক. ৪৯ টি খ. ৫০টি
গ. ৫১ টি ঘ. ৫২ টি

ব্যাখ্যা: • বাংলাদেশ এ মোট ছিটমহল - ৫১ টি
• ভারতে মোট ছিটমহল - ১১১ টি।
• বাংলাদেশে অবস্থিত সবচেয়ে বেশী ছিটমহল লালমনিরহাটে (৫৯ টি)
সঠিক উত্তর : গ.

২৩. সিকিমের পর্বত থেকে বাংলাশের কোন নদীর উৎপত্তি হয়েছে?
ক. মনু খ. কর্ণফুলী
গ. করতোয়া ঘ. সাঙ্গু

ব্যাখ্যা:

| নদীর নাম | উৎপত্তিস্থল |
|---|---|
| পদ্মা (গঙ্গা) | হিমালয় পর্বতের গাঙ্গোত্রী হিমবাহ |
| মহানন্দা | হিমালয় পর্বতমালার মহালদিরাম পাহাড়ে |
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের কৈলাসশৃঙ্গের মানস সরোবর হ্রদ |
| মেঘনা | আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড় |
| কর্ণফুলী | আসামের লুসাই পাহাড়ের লংলেহ |
| করতোয়া, তিস্তা | সিকিমের পার্বত্য অঞ্চল। |
| সুরমা | নাগামনিপুরি পাহড়ের দক্ষিণাংশ |

সঠিক উত্তর : গ.

২৪. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
ক. তাজউদ্দিন খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. খাজা নাজিম উদ্দিন ঘ. এ এইচ এম কারুজ্জামান

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম সরকার (মুজিবনগর সরকার) এর প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ। দায়িত্ব গ্রহন করেন - ১০ এপ্রিল ১৯৭১ সালে।
• সৈয়দ নজরুল ইসলাম মুজিবনগর সরকারের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি।
• এ এইচ এম কামরুজ্জামান মুজিবনগর সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী।
• খাজা নাজিমউদ্দীন অবিভক্ত বাংলার ২য় মুখ্যমন্ত্রী।
সঠিক উত্তর : ক.

২৫. দিনাজপুরের বড় পুকুরিয়া কি জন্য প্রসিদ্ধ?
ক. প্রথম কয়লা চালিত বিদ্যুৎ
খ. প্রথম গ্যাস চালিত বিদ্যুৎ কেন্দ্র
গ. দ্বিতীয় কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র
ঘ. দ্বিতীয় গ্যাস চালিত বিদ্যুৎ কেন্দ্র

ব্যাখ্যা: • প্রথম গ্যাসফিল্ড - হরিপুর (সিলেট)
• প্রথম তেলক্ষেত্র - হরিপুর (সিলেট)
• প্রথম কয়লাখনি - বড়পুকুরিয়া (দিনাজপুর)
• প্রথম পানি বিদ্যুৎ কেন্দ্র - কাপ্তাই (রাঙ্গামাটি)
• প্রথম সৌরবিদ্যুৎ কেন্দ্র - করিমপুর ও নজরপুর (নরসিংদী)
• প্রথম তাপবিদ্যুৎ কেন্দ্র - ভেড়ামারা (কুষ্টিয়া)
• প্রথম কয়লাচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র - বড়পুকুরিয়া (দিনাজপুর)
• প্রথম গ্যাসচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র - হরিপুর (সিলেট)
সঠিক উত্তর : ক.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংকের সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
ক. বার্লিন খ. প্যারিস
গ. ফ্রাঙ্কফুর্ট ঘ. জেনেভা

ব্যাখ্যা:
• ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারী ম্যাসট্রিষ্ট চুক্তির মাধ্যমে EU আত্মপ্রকাশ পায়।
• ১ নভেম্বর ১৯৯৩ ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠা হয়।
• বর্তমান সদস্য সংখ্যা ২৮ টি (সর্বশেষ ক্রোয়েশিয়া)
• সদর দপ্তর - ব্রাসেলস (বেলজিয়াম)
• পার্লামেন্টের সচিবালয় - লুক্সেমবার্গ
• পার্লামেন্ট - স্ট্রসবার্গ, কেন্দ্রীয় ব্যাংকের সদর দপ্তর - ফ্রাঙ্কফুর্ট (জার্মানী)
সঠিক উত্তর : গ.

০২. 'The Idea of Justice' গ্রন্থের রচয়িতা কে?
ক. অমর্ত্য সেন খ. উইলিয়াম রসেটো
গ. মাইকেল লিফ্‌ঠ ঘ. গুনার মিরডাল

ব্যাখ্যা: • ১৯৯৮ সালে অমর্ত্যসেন অর্থনীতিতে নোবেল পুরস্কার পান।
• বিখ্যাত বই - The Idea of Justice (2009), Peace and Democrectic Socity (2011); Poverty and Famines : An Essay on Entitlements and Deprivation (1981)
• অমর্ত্য সেন এর পৈত্রিক নিবাস ঢাকায়।
সঠিক উত্তর : ক.

০৩. ম্যাকাও কোন দেশের উপনিবেশ ছিল?
ক. ব্রিটেন খ. পর্তুগাল
গ. ফ্রান্স ঘ. জাপান

ব্যাখ্যা: • এশিয়া মহাদেশের সবচেয়ে প্রাচীন ও সর্বশেষ উপনিবেশ ম্যাকাও।
• পর্তুগাল ১৯৮৭ সালে ম্যাকাও হস্তান্তরের ঘোষনা দেয়।
• ১৯৯৯ সালের ২০ ডিসেম্বর চীন ম্যাকাওতে তার সার্বভৌমত্ব পুনরুদ্ধার করে
• বর্তমানে ম্যাকাও চীনের বিশেষ প্রশাসনিক এলাকা।
• হংকং চীনের আরো একটি বিশেষ প্রশাসনিক এলাকা।
সঠিক উত্তর : খ.

০৪. আই.এম.এফ-এর প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টিন লাগার্দ কোন দেশের নাগরিক?
ক. ইতালি খ. ফ্রান্স
গ. নরওয়ে ঘ. সুইজারল্যান্ড

ব্যাখ্যা:
• ১৯৪৫ সালে International Monetary Fund (IMF) প্রতিষ্ঠা হয়।
• ব্রেটন উডস্ চুক্তির মাধ্যমে IMF প্রতিষ্ঠা লাভ করে।
• সদর দপ্তর ওয়াশিংটন ডিসি যুক্তরাষ্ট্র
• প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টিনা লার্গাদ (ফ্রান্স)
• IMF এর ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ দেয়া হয় ইউরোপীয় ইউনিয়ন থেকে।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**০৫. সার্ক - এর প্রথম মহাসচিব কে ছিলেন?**

ক. আবুল আহসান খ. নরসিমা রাও
গ. জি পি কৈরালা ঘ. পি এন হাকসার

ব্যাখ্যা: • সার্কের বর্তমান মহাসচিব - অর্জুন বাহাদুর থাপা।
• সার্কের প্রথম মহাসচিব - আবুল আহসান (বাংলাদেশ)
• সার্কের প্রথম নারী মহাসচিব - ফাতেমা দিয়ানা সাঈদ (মালদ্বীপ)
সঠিক উত্তর : ক.

**০৬. বান্দা আচেহ্ কোথায় অবস্থিত?**

ক. মালয়েশিয়া খ. ইন্দোনেশিয়া
গ. ভিয়েতনাম ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যা: • বান্দা আচেহ্ একটি ক্ষুদ্র দ্বীপ এবং ইন্দোনেশিয়ার একটি প্রদেশ।
• বান্দা আচেহ্ প্রদেশটির স্বাধীনতার জন্য আন্দোলন করছে-"দি আচেহ্ মুভমেন্ট"
• ইন্দোনেশিয়ার অন্যান্য গুরুত্বপূর্ণ দ্বীপ- সুমাত্রা, জাভা, বালি, বোর্নিও, লোমবক ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

**০৭. 'সেপ্টেম্বর অন যশোর রোড'-কবিতাটি কে লিখেছেন?**

ক. মনিকা আলী খ. রবার্ট ফ্রস্ট
গ. এ্যালেন গিন্সবার্গ ঘ. বব ডিলন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর (০৫) নং বাংলাদেশ বিষয়াবলী দেখ।
সঠিক উত্তর : গ.

**০৮. আন্তর্জাতিক শান্তি দিবস উৎযাপিত হয়-**

ক. ৩ জুন খ. ১১ জুলাই
গ. ২১ সেপ্টেম্বর ঘ. ১৬ ডিসেম্বর

ব্যাখ্যা:

| তারিখ | দিবস |
|---|---|
| ২ জানুয়ারী | বিশ্ব জনসংখ্যা নিয়ন্ত্রন দিবস |
| ১১ ফেব্রুয়ারী | নেলসন মেন্ডেলার মুক্তি দিবস |
| মার্চের ২য় সোমবার | কমনওয়েলথ দিবস |
| ৮ মার্চ | আন্তর্জাতিক নারী দিবস |
| ১৫ মার্চ | বিশ্ব ভোক্তা অধিকার সংরক্ষণ দিবস |
| মার্চের শেষ শনিবার | আর্থ আওয়ার |
| ২ এপ্রিল | বিশ্ব অটিজম সচেতন দিবস |
| ৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস |
| ৮ মে | বিশ্ব রেডক্রস ও রেড ক্রিসেন্ট দিবস |
| ২৮ মে | নিরাপদ মাতৃত্ব দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস |
| ১১ জুলাই | বিশ্ব জনসংখ্যা দিবস |
| ১৭ জুলাই | আন্তর্জাতিক ন্যায়বিচার দিবস |
| ৯ আগষ্ট | আন্তর্জাতিক আদিবাসী দিবস |
| ৮ সেপ্টেম্বর | আন্তর্জাতিক সাক্ষরতা দিবস |
| ২১ সেপ্টেম্বর | আন্তর্জাতিক শান্তি দিবস |
| ২৭ সেপ্টেম্বর | আন্তর্জাতিক বাঘ দিবস |
| ২৯ সেপ্টেম্বর | বিশ্ব শিশু অধিকার দিবস |
| ১৫ অক্টোবর | বিশ্ব সাদা ছড়ি দিবস |
| ২৪ অক্টোবর | জাতিসংঘ দিবস |
| ১৪ নভেম্বর | বিশ্ব ডায়াবেটিস দিবস |
| ১ ডিসেম্বর | বিশ্ব এইডস দিবস |
| ৩ ডিসেম্বর | আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস |
| ১০ ডিসেম্বর | বিশ্ব মানবাধিকার দিবস |

সঠিক উত্তর : গ.

**০৯. কোনটি দক্ষিণ সুদানের রাজধানী?**

ক. জুবা খ. মালাকাল
গ. টরিট ঘ. ওয়ারাপ

ব্যাখ্যা: • ৯ জুলাই ২০১১ দক্ষিণ সুদান স্বাধীনতা লাভ করে।
• রাজধানী - জুবা, ভাষা - আরবী।
• দক্ষিণ সুদান এর স্বাধীনতার নেতৃত্ব দেন - জন গারাং।
সঠিক উত্তর : ক.

**১০. ওয়াটার লু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?**

ক. বেলজিয়াম খ. জাপান গ. ইংল্যান্ড ঘ. জার্মানী

ব্যাখ্যা: • "ওয়াটার লু" বেলজিয়ামে অবস্থিত।
• "ওয়াটার লু" যুদ্ধ সংঘটিত হয় নেপোলিয়ান ও ডিউক অব ওয়েলিংটন (ফ্রান্স-বিট্রেন) এর মধ্যে।
• "ওয়াটার লু" যুদ্ধে জয়ী হয় - "ব্রিটেনের ডিউক অব ওয়েলিংটন"
সঠিক উত্তর : ক.

**১১. টেলিফোনে আড়িপাতা স্ক্যান্ডাল-এর কারণে ব্রিটেনের কোন পত্রিকা ২০১১ সালে বন্ধ হয়ে গেছে?**

ক. দি টেলিগ্রাফ খ. দি ডেইলি মেইল
গ. দি নিউজ অব দি ওয়ার্ল্ড ঘ. দি গার্ডিয়ান

ব্যাখ্যা: • ২০১১ সালের ১০ জুলাই ব্রিটেনের "দি নিউজ অব দি ওয়ার্ল্ড" পত্রিকা বন্ধ হয়ে যায়।
• ১ অক্টোবর ১৮৪৩ সালে পত্রিকাটি প্রতিষ্ঠিত হয়। এটি সাপ্তাহিক ট্যাবলয়েড পত্রিকা।
• বন্ধ হয়ে যাওয়ার আগে পত্রিকাটির মালিক ছিলেন রূপার্ট মারাডক।
• News Corporation, News Corp এবং 21st Century Fox এর মত বিশাল কোম্পানির মালিক তিনি।
• তাকে মিডিয়া মোঘল বা মিডিয়া লর্ড বলে।
সঠিক উত্তর : গ.

**১২. কোন প্রতিষ্ঠান সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রেডিট রেটিং কমিয়ে দেয়?**

ক. স্ট্যান্ডার্ড এন্ড পুয়্যরস খ. জে পি মরগ্যান
গ. আমেরিকান এক্সপ্রেস ঘ. বিবি এন্ড টি কর্প্

ব্যাখ্যা: • Standard & Poor's মার্কিন অর্থনৈতিক সেবা দানকারী প্রতিষ্ঠান।
• ১৮৬০ প্রতিষ্ঠিত, সদর দপ্তর - নিউইয়র্ক।
• সংস্থাটি The Mc Graw Hill কোম্পানীর অংশ।
• বিভিন্ন প্রতিষ্ঠান এবং দেশের অর্থনৈতিক ক্রেডিট রেটিং এর জন্য প্রতিষ্ঠানটি বিখ্যাত।
সঠিক উত্তর : ক.

**১৩. স্যান্ড হার্স্ট হচ্ছে একটি**

ক. নৌ একাডেমি খ. সামরিক একাডেমি
গ. বিমান একাডেমি ঘ. মেরিন একাডেমি

ব্যাখ্যা: • Sandhurst হচ্ছে ব্রিটিশ মিলিটারী কেন্দ্র।
সঠিক উত্তর : খ.

**১৪. ভারতের সমাজকর্মী আন্না হাজারে কিসের বিরুদ্ধে আন্দোলন করেছেন?**

ক. মাদক খ. সন্ত্রাসবাদ গ. দুর্নীতি ঘ. দারিদ্র্য

ব্যাখ্যা: ভারতের দুর্নীতি বিরোধী সমাজকর্মী আন্না হাজারে, পুরো নাম - কৃষান বাবুরাও হাজারে।
সঠিক উত্তর : গ.

**১৫. 'The Keeling Curve'- রেখাচিত্রটি কিসের সাথে যুক্ত?**

ক. অর্থনীতি খ. পরিবেশ
গ. জনসংখ্যা বৃদ্ধি ঘ. শেয়ারবাজার

ব্যাখ্যা: • The Keeling Curve দ্বারা কার্বন ডাই অক্সাইড এর ফলে বায়ুমন্ডলের যে পরিবর্তন দেখা যায় তার রেখাচিত্র প্রকাশ করা হয়।
সঠিক উত্তর : খ.

**১৬. ফ্রাঙ্কফুর্ট শহরটি কি জন্য বিখ্যাত?**

ক. আইস হকি খ. বই মেলা গ. ঔষধ পণ্য ঘ. কৃষি পণ্য

ব্যাখ্যা: বিশ্বের সর্ববৃহৎ আন্তর্জাতিক বইমেলা অনুষ্ঠিত হয় জার্মানীর ফ্রাঙ্কফুর্টে।
সঠিক উত্তর : খ.

**১৭. কোন দেশে এ্যাডলফ হিটলার জন্মগ্রহণ করেন?**

ক. জার্মানি খ. সুইজারল্যান্ড
গ. অস্ট্রিয়া ঘ. চেকোস্লোভাকিয়া

ব্যাখ্যা: • এডলফ হিটলার ১৮৮৯ সালে অস্ট্রিয়ায় জন্মগ্রহণ করেন।
• ১৯৩৩ সালে জার্মানীর চ্যান্সেলর পদে নিয়ুক্ত হন। ১৯৩৪ সালে নিজেকে "ফ্যুয়েরে" ঘোষনা করেন।
• হিটলার এর গোপন পুলিশ বাহিনীর নাম - গেস্টাপো।
• ৩০ এপ্রিল ১৯৪৫ তিনি আত্মহত্যা করেন।
• আত্মজীবনীমূলক গ্রন্থ 'Mein Kamf' (My Struggle)
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. 'IFC' এর পূর্ণরূপ হচ্ছে -
ক. ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন
খ. ইন্টারন্যাশনাল ফিসক্যাল কর্পোরেশন
গ. ইন্টারন্যাশনাল ফুড কর্পোরেশন
ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: • ১৯৪৪ সালের ব্রেটন উডস চুক্তির মাধ্যমে বিশ্ব ব্যাংক এ যাত্রা শুরু করে।
• ২৫ জুন ১৯৪৫ এ বিশ্বব্যাংকের অনুষ্ঠান কার্যক্রম শুরু হয়।
• বিশ্বব্যাংকের প্রতিষ্ঠাকালীন নাম - ইকোনোমিক ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।
• বিশ্বব্যাংকের অঙ্গসংস্থা - ৫টি। যথা -
IBRD - International Bank for Reconstruction and Development.
IDA - International Development Association.
IFC - International Finance Corporation.
ICSID - International Center for Settlement of Investment Disputes.
MIGA - Multilateral Investment Guarantee Agency.
• বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট জিম ইয়ং কিং
সঠিক উত্তর : ক.

১৯. 'মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস' - এর মোট লক্ষ্য হচ্ছে
ক. ৫টি খ. ৬টি গ. ৮টি ঘ. ১০টি

ব্যাখ্যা: জাতিসংঘ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) ৮টি।
১ জানুয়ারি ২০১৬ থেকে জাতিসংঘের নতুন টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) নেয়া হয়েছে।
এর লক্ষ্য- ১৭টি।
মেয়াদ শেষ হবে - ৩১ ডিসেম্বর ২০৩০।
সঠিক উত্তর : গ.

২০. মার্টিন লুথার কিং, জুনিয়র ছিলেন একজন
ক. নাগরিক অধিকার আন্দোলনকারী খ. ধর্মীয় সংস্কারক
গ. গায়ক ঘ. চিত্রশিল্পী

ব্যাখ্যা: • মার্টিন লুথার কিং জুনিয়র ছিলেন মার্কিন কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার আন্দোলনকারী।
• ১৯৬৪ সালে মাত্র ৩৫ বছর বয়সে নোবেল পুরস্কার পান।
• ৫ এপ্রিল ১৯৬৮ তিনি আততায়ীর গুলিতে নিহত হন।
• তার বিখ্যাত ভাষণ - I have a dream.
সঠিক উত্তর : ক.

২১. মুয়াম্মার গাদ্দাফি কত বছর লিবিয়া শাসন করেন?
ক. ৪৫ খ. ২৬ গ. ৩৮ ঘ. ৪২

ব্যাখ্যা: • ১৯৬৯ সালে রাজা ইদ্রিস কে সরিয়ে গাদ্দাফি ক্ষমতা দখল করেন।
• ১৯ মার্চ ২০১১ বহুজাতিক বাহিনী লিবিয়ার "অপারেশন ওডিসি ডন" পরিচালিত করেন।
• ২০ অক্টোবর ২০১১ গাদ্দাফিকে তার জন্মভূমি সিরতে হত্যা করা হয়।
• ৪২ বছর ধরে তিনি লিবিয়া শাসন করেন।
• "গ্রিন বুক" তার লেখা গ্রন্থ।
সঠিক উত্তর : ঘ.

২২. শেনজেন কোন দেশের অংশ?
ক. ফ্রান্স খ. লুক্সেমবার্গ
গ. বেলজিয়াম ঘ. নেদারল্যান্ডস

ব্যাখ্যা: • শেনজেন লুক্সেমবার্গের একটি বিখ্যাত শহর।
সঠিক উত্তর : খ.

২৩. জাতিসংঘে প্যালেস্টাইন রাষ্ট্রের পদমর্যাদা কি?
ক. অরাষ্ট্রীয় পর্যবেক্ষক খ. রাষ্ট্রীয় পর্যক্ষেক
গ. কোন পদ মর্যাদা নেই ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: ১৯৭৪ সালে ২২ নভেম্বর প্যালেস্টাইন লিবারেশন অরগানাইজেশন জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা লাভ করে।
• ১৯৮৮ সালের ১৫ ডিসেম্বর PLO এর পরিবর্তে ফিলিস্তিনকে "পর্যবেক্ষক ভূখন্ডের" মর্যাদা দেয়।
• ২৯ নভেম্বর ২০১২ জাতিসংঘ দেশটিকে 'অসদস্য পর্যবেক্ষক' রাষ্ট্রের মর্যাদা দেয়।
• জাতিসংঘের সদস্য হওয়ার পূর্বেই ২৩ নভেম্বর, ২০১১ ইউনেস্কোর সদস্য পদ লাভ করে।
সঠিক উত্তর : খ.

২৪. সামাজিক যোগাযোগের মাধ্যমে 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন?
ক. বিল গেটস্ খ. টিম বার্নার্স লি
গ. এ্যান্ডি গ্রোভ ঘ. মার্ক জুকারবার্গ

ব্যাখ্যা:
• ফেসবুক এর প্রতিষ্ঠাতা - মার্ক জাকারবার্গ, প্রতিষ্ঠা - ৪ ফেব্রুয়ারী ২০০৪।
• ইউটিউব এর প্রতিষ্ঠাতা - চ্যাড হারলি, স্টিভ চ্যানং ও জাভেদ করিম
• মাইক্রোসফট এর প্রতিষ্ঠাতা - বিল গেটস ও পল অ্যালেন।
সঠিক উত্তর : ঘ.

২৫. কোন রাষ্ট্রটির পরমাণু অস্ত্র বিস্তাররোধ চুক্তি স্বাক্ষর করেনি?
ক. যুক্তরাষ্ট্র খ. চীন
গ. ভারত ঘ. রাশিয়া

ব্যাখ্যা: CTBT - Comprehensive Nuclear - Test - Ban Traty
• CTBT স্বাক্ষরিত হয় ২৪ সেপ্টেম্বর ১৯৯৬।
• ভারত, উত্তর কোরিয়া, পাকিস্তান, সৌদি আরব, সিরিয়া প্রভৃতি দেশ CTBT চুক্তি স্বাক্ষর করেনি।
সঠিক উত্তর : গ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১০-২০১১

### বাংলা

০১. 'অনতিবৃহৎ নিরপরাধ হরিণ সংহারে নিবৃত্ত হোন'। বাক্যটিতে উপসর্গ রয়েছে-
ক. চারটি খ. পাঁচটি গ. ছয়টি ঘ. সাতটি

ব্যাখ্যা: বাক্যটিতে মোট ৬টি উপসর্গ আছে-
অনতিবৃহৎ = অন + অতি + বৃহত - ২টি
নিরপরাধ = নির + অপ + রাধ - ২টি
নিবৃত্ত = নি + বৃত্ত - ১টি
সংহার = সম্ + হার - ১টি
সঠিক উত্তর : গ.

০২. 'Overrule'- এর বাংলা প্রতিশব্দ হলো-
ক. আমলে আনা খ. বাতিল করা
গ. মুলতুবি করা ঘ. কার্যকরা করা

ব্যাখ্যা: Overrule - বাতিল করা
গুরুত্বপূর্ণ আরও কিছু পারিভাষিক শব্দ-
Block - শক্তিজোট Frontier - সীমান্ত
Bench - এজলাস Forfeit - বাজেয়াপ্ত করা
Canon - নীতি Green-room - সাজঘর
Casual - নৈমিত্তিক kindred - স্বজাতীয়
Dialect - উপভাষা Land slide - ভূমিধস
সঠিক উত্তর : খ.

০৩. 'একটা কলম দাও'। এখানে 'একটা' শব্দটি।
ক. নির্দিষ্টতাজ্ঞাপক খ. অনির্দিষ্টতাজ্ঞাপক
গ. গুণবাচক ঘ. পরিমাণবাচক

ব্যাখ্যা: এক শব্দের মধ্য টা, টি যুক্ত হলে অনির্দিষ্টতা বোঝায়। যেমন-একটা দেশ, একটা কলম ইত্যাদি।
কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি যুক্ত হলে নির্দিষ্টতা বোঝায়। যেমন-তিনটি টাকা, পাঁচ বছর।
সঠিক উত্তর : খ.

০৪. 'বাংলাদেশ' কবিতায় কোন নদীদ্বয়ের উল্লেখ আছে?
ক. যমুনা-পদ্মা খ. যমুনা-মেঘনা
গ. গঙ্গা-যমুনা ঘ. মেঘনা-পদ্মা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

আমার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার